



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
আদর্শ সদর, কুমিল্লা।
Email: ueoadarsasadarcomilla@gmail.com

স্মারক নং : ৩৮.০১.১৯৬৭.০০০.৩২.০০১.২৫ -২৬৯

তারিখ : ২২/০৫/২০২৫ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলাধীন (১) চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন জরাজীর্ণ ১টি ভবন, (২) হারুন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন জরাজীর্ণ ১টি ভবন (৩) বাকুনীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন জরাজীর্ণ ১টি ভবন (৪) রাচিয়া বাগবের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন জরাজীর্ণ ১টি ভবন (৫) চম্পকনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন জরাজীর্ণ ১টি ভবন (৬) হারুন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১১টি গাছ ও (৭) জহুরেদ্দোহা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৩টি গাছ (প্রাক্কলন মোতাবেক যেখানে যে অবস্থায় আছে) ২৭/০৫/২০২৫ খ্রি. তারিখে বেলা ১১.০০টায় উপজেলা নির্বাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা মহোদয়ের অফিস কক্ষে উন্মুক্ত নিলাম অনুষ্ঠিত হবে।

শর্তবলীঃ

- উন্মুক্ত নিলামে উপস্থিত ১০% জামানত দিয়ে নিলামে অংশ গ্রহণ করতে হবে।
- সর্বোচ্চ দরদাতা ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিলাম ডাকের মূল্যের অর্থ বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর নিলাম প্রাপ্তির পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিতে হবে।
- কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে পুরাতন জরাজীর্ণ ভবন ও গাছ নিজ খরচে অপসারণ করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জমাকৃত সমুদয় অর্থ বাজয়াপ্ত বলে গণ্য হবে।
- মালামাল অপসারণের সময় কোন প্রকার দুর্ঘটনার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং সরকারী সম্পদের কোন প্রকার ক্ষতি হলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকেই এর দায়ভার বহন করতে হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(আব্দুল আল মামুন)

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার

আদর্শ সদর, কুমিল্লা

ও

সদস্য সচিব

নিলাম কমিটি

ফোন : ০৮১-৬৫২৯৭

স্মারক নং : ৩৮.০১.১৯৬৭.০০০.৩২.০০১.২৫ -২৬৯ (১১৫)

তারিখঃ ২২/০৫/২০২৫ খ্রি.

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরিত হলো :

- জেলা প্রশাসক, কুমিল্লা।
- উপজেলা নির্বাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা ও সভাপতি নিলাম কমিটি। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুমিল্লা।
- উপজেলা প্রকৌশলী, আদর্শ সদর, কুমিল্লা।
- সভাপতি / প্রধান শিক্ষক, চাঁদপুর / হারুন/ বাকুনীপাড়া/ রাচিয়া/ চম্পকনগর/ হারুন/ জহুরেদ্দোহা সরঃ প্রাঃ বিদ্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।
বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- সংরক্ষণ কপি।



উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার

আদর্শ সদর, কুমিল্লা।

ও

সদস্য সচিব

নিলাম কমিটি